**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**6 July 2025** **7:45 PM IST**

==============================================================

১) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলাতেও আজ ডক্টর শ্যামা প্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫তম জন্মবার্ষিকী পালন ।
২) প্রায় আট ঘন্টা আবদ্ধা থাকার পর শিলচর - লামডিং রেল লাইনে রেল চলাচল পুনরায় স্বাভাবিক ।
৩) শিলচর , হাইলাকান্দি ও শ্রীভূমি সহ আসামের ৩৫টি জেলার কংগ্রেসের নতুন জেলা সভাপতি মনোনীত ।
৪) চিরাচরিত ধর্মীয় ভাবনায় আজ বরাক উপত্যকার তিন জেলায় ত্যাগের উৎসব মহরম পালিত ।
৫) অর্জুন ভুগেশ্বর বরুয়া নামক তিনটি জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করা হবে বলে আসাম অলিম্পিক সংস্থার সভাপতি সর্বানন্দ সনোয়ালের ঘোষণা ।

---

ভারতীয় জনসংঘের প্রতিষ্ঠাতা ডক্টর শ্যামা প্রসাদ মুখার্জীর ১২৫তম জন্মদিবসে আজ সমগ্র দেশ তাকে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছে । লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা , কেন্দ্রীয় মন্ত্রী তথা ভারতীয় জনতা পার্টীর সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা , রাজ্যসভার উপ-সভাপতি হরিবংশ নারায়ণ সিং এবং অন্যান্য কয়েকজন প্রবীন নেতা ডক্টর মুখ্যর্জীর প্রতি শ্রাদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । এই উপলক্ষে সংবিধান সনদের সেন্ট্রাল হলে আয়োজিত একটি বিশেষ অনুষ্ঠানে ডক্টর মুখ্যর্জীর প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলী অর্পন করে সবাই তার অবদানের কথা স্মরণ করেন ।

বরাক উপত্যকার তিন জেলাতেও আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে এক দেশ , এক সংবিধান এর আদর্শে জীবন উৎসর্গকারী ভারতের মহান দেশপ্রেমিক , স্বাধীনতা সংগ্রামী ও দূরদর্শী নেতা ডক্টর শ্যামা প্রসাদ মুখার্জীর ১২৫তম জন্মবার্ষিকী পালন করা হয় । শিচরের জেলা আয়ুক্তের পুরনো সম্মেলন কক্ষে আজ এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অতিরিক্ত আয়ুক্ত হেমাঙ্গ নবীস বলেন যে ডক্টর মুখপাধ্যায়ের জীবন আমাদের সবার জন্য প্রেরণার এক অন্যতম উৎস । তিনি জাতীয় ঐক্য এবং অখন্ডতার পক্ষে যে অটল অবস্থান নিয়েছিলেন তা আজও সমানভাবে প্রাসঙ্গিক । অনুষ্ঠানের প্রধান বক্তা কবি ও লেখক অতীন দাস ডক্টর মুখপাধ্যায়ের সংগ্রামী জীবনের নানা দিক তুলে ধরেন । তিনি বলেন যে ডক্টর মুখপাধ্যায় শুধু একজন রাজনীতিবীদ ছিলেন না , ছিলেন একজন দূরদর্শী চিন্তাবীদ , যিনি কখনও দেশের স্বার্থে আপোস করেননি । যেদিন বাংলার ওপর দেশ ভাগের ছায়া নেমে এসেছিল সেদিন ডক্টর মুখপাধ্যায় রুখে দাঁড়িয়ে ছিলেন এবং লক্ষ লক্ষ মানুষের জীবন রক্ষার পথপ্রদর্শক হয়েছিলেন । অনুষ্ঠানের অন্যতম বক্তা জগন্নাথ সিং কলেজের ইতিহাস বিভাগের প্রধান ডক্টর গঙ্গেস ভট্টাচার্য বলেন যে শ্যামা প্রসাদ মুখপাধ্যায়ের জীবন শুধুমাত্র একটি রাজনৈতিক জীবনের কাহিনী নয় বরং এক নি:স্বার্থ দেশসেবার মহাকাব্য । দেশের শিল্পায়ন , শিক্ষা ও সাংবিধানিক অগ্রগতিতে তার অবদান অনস্বীকার্য । অনুষ্ঠানের সমাপ্তিতে কাছাড়ের জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে বলেন যে আমাদের উচিত ডক্টর শ্যামা প্রসাদ মুখপাধ্যায়ের ত্যাগ ও আদর্শকে স্মরণ করে আমাদের কর্মে ও চিন্তায় জাতীয় ঐক্য ও অখন্ডতার মন্ত্রকে বাঁচিয়ে রাখা । তিনি বলেন যে ডক্টর মুখপাধ্যায়ের জীবন আমাদের শিখিয়ে যায় যে কিভাবে দৃঢ়তার সঙ্গে সঠিক পথে অটল থাকতে হয় ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকেও আজ ডক্টর শ্যামা প্রসাদ মুখপাধ্যায়ের স্মৃতির প্রতি গভীর শ্রাদ্ধা জ্ঞাপন করা হয় । এই উপলক্ষে আজ হাইলাকান্দি জেলা আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত এক সভায় ডক্টর মুখপাধ্যায়ের জীবন ও দর্শন নিয়ে আলোচনা হয় । অতিরিক্ত আয়ুক্ত দীপমালা গোয়ালার পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় অধ্যাপক গোপাল নন্দী , ডক্টর যজ্ঞেশ্বর দেব সহ দুই অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেন্তে এবং অমিত পারবিসা ডক্টর শ্যামা প্রসাদ মুখপাধ্যায়ের জীবনের বিভিন্ন দিক নিয়ে বক্তব্য রাখেন ।

শ্রীভূমি জেলা বি জে পি কার্যালয়েও আজ ভারত কেশরী শ্যামা প্রসাদ মুখোপাধ্যায়ের জন্মবার্ষিকী পালন করা হয় । শ্রীভূমি জেলা বি জে পি সভাপতি সঞ্জীব বনিকের পৌরহিত্যে আয়োজিত একটি অনুষ্ঠানে জেলা কমিটির সদস্যরা ডক্টর মুখপাধ্যায়ের প্রতিকৃতিতে মাল্যদান করে তার স্মৃতির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন । সভায় শ্যামা প্রসাদ

মুখপাধ্যায়ের জীবনের ওপর আলোকপাত করে বক্তব্য রাখেন রাজ্যসভার প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস , প্রাক্তন জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য প্রমুখ ।

ভারত সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের মেরা যুবা ভারত , করিমগঞ্জের উদ্যোগে এবং চন্দ্রগীত সংস্থার যৌথ উদ্যোগেও আজ শ্রীভূমি জেলার বিদ্যানগরে যথাযোগ্য মর্যাদায় ডক্টর শ্যামা প্রসাদ মুখোপাধ্যেয়ের জন্মবার্ষিকী পালন করা হয় । এতে সাংসদ কৃপানাথ মালা সহ বিভিন্ন বক্তা ডক্টর মুখোপাধ্যয়ের জীবনের বিভিন্ন দিক নিয়ে বক্তব্য রাখেন ।

---

প্রায় আট ঘন্টা আবদ্ধা থাকার পর শিলচর - লামডিং রেল লাইনে রেল চলাচল পুনরায় স্বাভাবিক হয়েছে । এই রেল লাইনের পার্বত্য অংশে ভূমিধ্বসের ফলে রেল চলাচল গতকাল থেকেই থেকেই বিঘ্নিত হয় । গতকাল ভোরে মাইবাং-দাওতুহাজা এবং মুপা-দিহাখুর মধ্যের দুটি স্থানে রেল লাইনের ওপর ধ্বস পড়েছিল । ফলে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে বেশ কয়েকটি রেলের সময় সূচির পরিবর্তন করা ছাড়াও কয়েকটি ট্রেনকে বিভিন্ন ষ্টেশনে আটকে রাখতে বাধ্য হয় । তবে আজ দুপুর ১২টা ৩৫ মিনিট থেকে এই রুটে রেল চলাচল পুনরায় স্বাভাবিক হয়েছে । উল্লেখ্য যে এই ধ্বসের ফলে শিলচর অভিমুখে আসা গৌহাটি-রঙ্গিয়া এক্সপ্রেস হাতিখালি ষ্টেশনে , গৌহাটি-শিলচর এক্সপ্রেস লামডিং-এ , গৌহাটি-দুল্লভছড়া ট্রেনটি লাংটিং এবং আগরতলা-দেওঘর এক্সপ্রেস ট্রেনটিকে হাফলং ষ্টেশনে আটকে আটকে রাখা হয়েছিল ।

---

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির পক্ষ থেকে আজ শিলচর ,শ্রীভূমি ও হাইলাকান্দি সহ আসামের ৩৫টি জেলার সভাপতির নামের তালিকা প্রকাশ করা হয়েছে ।
এ অনুসারে সজল আচার্য্যকে কাছাড় জেলা কংগ্রেসের সভাপতি পদে , তাপস পুরকায়স্থকে শ্রীভূমি জেলা কংগ্রেসের সভাপতি পদে এবং হাইলাকান্দি জেলায় ইশাক আলী বড়ভুইয়াকে জেলা কংগ্রেসের সভাপতি পদের জন্য মনোনীত করা হয়েছে বলে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও কড়া নিরাপত্তা ব্যাবস্থার মাধ্যমে ত্যাগের উৎসব মহরম বিভিন্ন কার্যসূচীতে উদযাপন করা হয়েছে । শিলচরের বিভিন্ন স্থানে কারবালার যুদ্ধের স্মৃতিতে লাঠি খেলা ,জারি গানের অনুষ্ঠান ,শিরনি ও সরবত বিতরণ

ইত্যাদির আয়োজন করা হয় । কাঠাল পয়েন্ট ,বটেরতল ,ফজলশাহ মোকাম পয়েন্ট ,বাকরশাহ মোকাম পয়েন্ট ,রামনগর ,সোনাবাড়িঘাট,সোনাই সহ বিভিন্ন স্থানে জনসাধারণের মধ্যে সরবত বিতরন করা হয়েছে । এর কারণ হচ্ছে কারবালার প্রান্তরে ইমাম হোসেনের কাফেলা পৌঁছনোর পর জল পিপাসায় তারা কাতর হয়ে পড়েন । সেই সময় ইউফ্রেটিস নদী  তাদের থেকে বেশী দূর ছিলো না কিন্তু শত্রুরা তাদের জল সংগ্রহ করতে দেয়নি ।ইমাম হোসেনের শিশু সন্তানরাও পিপাসায় কাতর হয়ে ছটফট করছিলো কারবালার ময়দানে । সেই পিপাসার কথা স্মরণ করে এই শরবত বিতরণ করা হয় ।
শ্রীভূমি জেলায়ও চিরাচরিত ধর্মীয় ভাবনায় আজ মহরম উদযাপিত হয়েছে । মুসলমান সম্প্রদায়ের লোকেরা নফল রোজা এবং বিভিন্ন নফল এবাদতে অংশ নেন । উল্লেখ্য এটি ইসলামিক ক্যালেন্ডারের প্রথম মাস । মহরমের দশ তারিখ আশুরা নামে পরিচিত যা ইসলামিক ইতিহাসে একটি স্মরণীয় ও গুরুত্বপূর্ন দিন হিসেবে বিবেচিত হয় । পিটিসি/কাছাড়/শ্রীভূমি/পঞ্চতপা

হাইলাকান্দি জেলায়ও আজ কারবালার স্মৃতিতে মহরম উদযাপন করা হয়েছে । হাইলাকান্দি শহরের মোট ২৪ টি মহরম কমিটি এবার হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে অনুষ্ঠিত মহরমের কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করে । পতাকা উত্তোলনের মাধ্যেমে কেন্দ্রীয় অনুষ্ঠানের সূচনা হয় । এদিকে ইসলাম ধর্মাবলম্বী লোকেরা মহরম উপলক্ষ্যে সুসজ্জিত ত্যাজিয়া বের করে শহর পরিক্রমা  করেন এবং লাঠি ,ঢোল বাদনের মাধ্যমে কারবালার শহীদদের স্মরণ করেন ।

এ সম্পর্কে হাইলাকান্দি জেলা মহরম কমিটির সভাপতি সিরাজ উদ্দিন বরভূঁইয়া আমাদের সংবাদদাতাকে জানান----- **বাইট**

---

রাজ্যের বিভিন্ন স্থানে মশাবাহিত রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে । । রাজ্যে এপর্যন্ত জাপানীজ এনকেফেলাইটিস রোগে ৯ জন লোকের মৃত্যু হয়েছে  এবং ১৬৭ জন আক্রান্ত হয়েছেন । একইভাবে জাপানীজ এনকেফেলাইটিস সদৃশ রোগে ২৬ জনের প্রানহানি এবং ৪৪৩ জন লোক আক্রান্ত হবার খবর পাওয়া গেছে রাজ্যে ডেঙ্গু রোগে ১৪৭ জন এবং ম্যালেরিয়ায় এক হাজার ৫৭ জন আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন বলে স্বাস্থ্য বিভাগ

সূত্রে জানানো হয়েছে । জাপানীজ এনকেফেলাইটিস রোগে কামরূপ জেলায় সবথেকে বেশী ১৬ জন লোক আক্রান্ত হয়েছেন বলেও সূত্রে জানানো হয়েছে ।

---

অর্জুন ভোগেশ্বর বরুয়ার নামে তিনটি জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করা হবে । আসাম অলিম্পিক সংস্থার সভাপতি সর্বানন্দ সনোয়াল আজ একথা জানান । নেহেরু স্টেডিয়ামের আসাম অলিম্পিক সংস্থা কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে দেশের ক্রীড়া ক্ষেত্রকে এগিয়ে নিয়ে যেতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গুরুত্বপূর্ণ ভুমিকা গ্রহণ করেছেন । মন্ত্রী দেশের প্রতিটি প্রান্তে খেলাধূলার পরিবেশ সৃষ্টি করার ওপর গুরুত্ব আরোপ করেন । বছরের শ্রেষ্ঠ ক্রীড়াবিদ , আজীবন ক্রীড়াক্ষেত্রে বিশেষ অবদানের জন্য বিশেষ পুরস্কার এবং বছরের উদীয়মান খেলোয়াড় পুরস্কার সহ প্রথমবারের মতো ৫ ,৩ ও ২ লক্ষ টাকার তিনটি জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করা হবে বলেও তিনি জানান ।

---

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে আজ লালা শহরের বিভিন্ন স্থানে গবাদি পশুদের মধ্যে পশু খাদ্য বিতরন করা হয়েছে । ক্লাবের লায়ন্স লাভ এনিমেল কর্মসূচীর অধীনে আজ লালার উমেদনগর , লালা গৌড়ীয় মঠ , সেন্ট্রাল রোড , হাসপাতাল রোড, কলেজ রোড সহ বিভিন্ন স্থানে গোবাদি পশুদের মধ্যে পশু খাদ্য বিতরন করা হয় । এ উপলক্ষ্যে লালা উমেদনগরে ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় জনসাধারনকে পশু কল্যান ও পশুদের সাথে ভালো আচরন করার প্রসঙ্গ নিয়ে সহ-সভাপতি মনোয়ার হোসেন চৌধুরী , সার্ভিস চেয়ারম্যান নচিকেতা নাথ , অধ্যক্ষ রথীন্দ্র নাথ প্রমূখ  বক্তব্য রাখেন ।

---

কাছাড় জেলার সোনাই ও উধারবন্দ বিধানসভা এলাকার আটটি গ্রাম পঞ্চায়েতের ৮৫০টি বন্যার্দূগত পরিবারদের মধ্যে গত তিন দিন সিডস , এ ই ডি এবং আনিসা ফাউন্ডেশনের উদ্যোগে ত্রান সামগ্রী বিতরন করা হয়েছে । সংগঠনগুলির পক্ষ থেকে যৌথ ভাবে প্রথম দিন সোনাই ক্লাবে ৪৫০টি , দ্বিতীয় দিন চন্দ্রগিরী ক্লাবে একশটি এবং তৃতীয় দিন

উধারবন্দের ৩৩৫টি পরিবারের হাতে ত্রিপল , মাদুর , মশারী , দাঁত মাজার ব্রাশ , সাবান , সেনিটারী ন্যাপকিন , বালতি ,মগ ইত্যাদি বন্যা পীড়িতদের হাতে তুলে দেওয়া হয়েছে ।

---

শিলচরের শিবসুন্দরী নারী শিক্ষাশ্রম ও জীবন জ্যোতি ইন্সটিটিউট অব মেডিকেল সায়েন্স হাসপাতালের যৌথ উদ্যোগে আজ পাঁচগ্রামের সীতারাম এম ই স্কুলে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজন করা হয় । শিবিরে প্রায় চারশ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ প্রদান করা হয়েছে ।

---